প্রজনন স্বাস্থ্য এবং COVID-19 টিকাসমূহ: প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) এবং অন্যান্য চিকিৎসা বিশেষজ্ঞরা প্রবলভাবে সুপারিশ করেন যে, যারা গর্ভবতী, স্তন্যপান করান বা গর্ভবতী হতে চান, তারা COVID-19 এর বিরুদ্ধে টিকা নিন।

COVID-19 টিকা কীভাবে কাজ করে?

টিকাগুলি আপনার শরীরকে শেখায় COVID-19 সৃষ্টিকারী ভাইরাসের অংশ যে প্রোটিন, তার মত একটি প্রোটিন কিভাবে তৈরি করতে হয়। এর ফলে আপনার রোগ প্রতিরোধ সিস্টেম ভাইরাসের বিরুদ্ধে অ্যান্টিবডি এবং অন্যান্য সুরক্ষা তৈরি করে যাতে আপনি যদি টিকা নেওয়ার পরে COVID-19 এর সংস্পর্শে আসেন তাহলে আপনার শরীর ভাইরাসটিকে চিনতে পারবে এবং তার বিরুদ্ধে যুদ্ধ করতে সক্ষম হবে। টিকাগুলিতে COVID-19 সৃষ্টিকারী ভাইরাস থাকে না, তাই টিকা থেকে আপনার COVID-19 হবে না। তারা আপনার DNA পরিবর্তন করতে পারবে না।

যারা গর্ভবতী তাদের COVID-19 হওয়ার ঝুঁকিগুলি কি?

যারা গর্ভবতী বা সম্প্রতি গর্ভবতী ছিলেন তাদের COVID-19 কারণে অত্যন্ত অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি, যারা গর্ভবতী নন বা সম্প্রতি গর্ভবতী ছিলেন না তাদের তুলনায়। এর অন্তর্ভূক্ত হতে পারে হাসপাতালে ভর্তি হওয়া, ইন্টেনসিভ কেয়ার, ভেন্টিলেটরের প্রয়োজন বা মৃত্যু। যারা গর্ভবতী এবং COVID-19 আছে তাদেরও সময়ের পূর্বে জন্মের (37 সপ্তাহের আগে বাচ্চা প্রসব করা) এবং সম্ভবত গর্ভাবস্থার অন্যান্য নেতিবাচক ফলাফলের ঝুঁকি আছে।

যারা গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন তাদের কি টিকা নেওয়া উচিত?

CDC, আমেরিকান ধাত্রীবিদ্যা ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ কলেজ (American College of Obstetricians and Gynecologists, ACOG) এবং মাতৃ-ভ্রূণ মেডিসিন সোসাইটি (Society for Maternal-Fetal Medicine, SMFM) প্রবলভাবে সুপারিশ করে যে যারা গর্ভবতী বা স্তন্যদানরত (যাকে মাঝে মাঝে বুকের দুধ খাওয়ানো বলা হয়) তাদের সবার উচিৎ COVID-19 এর বিরুদ্ধে টিকা নেওয়া। এই সুপারিশটি গর্ভবতী বা স্তন্যপান করানো মানুষদের ক্ষেত্রে COVID-19 হওয়ার ঝুঁকি সংক্রান্ত প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে করা, যার মধ্যে অন্তর্ভূক্ত আরও বেশি সংক্রামক এবং বিপজ্জনক ডেল্টা ভেরিয়েন্ট। যারা গর্ভবতী এবং যারা Pfizer বা Moderna টিকা পেয়েছেন তাদের নিরাপত্তা পর্যবেক্ষণ ব্যবস্থার প্রাথমিক তথ্য, তাদের বা তাদের শিশুদের জন্য কোন নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ খুঁজে পায়নি।

গর্ভবতী বা স্তন্যপান করানো ব্যক্তিদের তিনটি COVID-19 টিকার সব কটি দেওয়া যেতে পারে। কিন্তু, মানুষদের, বিশেষ করে 50 এর থেকে কম বয়সী মহিলাদের জনসন অ্যান্ড জনসন ভ্যাকসিন পাওয়ার পর, থ্রোম্বোসাইটোপেনিয়া সিন্ড্রোম সহ থ্রম্বোসিসের (thrombosis with thrombocytopenia syndrome, TTS) বিরল কিন্তু বর্ধিত ঝুঁকি সম্পর্কে অবগত থাকা উচিত, যা হল এক ধরনের হ্রাসপ্রাপ্ত প্লেটলেট সহ রক্ত জমাট বাঁধার রোগ। এই ঝুঁকি Pfizer বা Moderna টিকার ক্ষেত্রে দেখা যায়নি।

যারা গর্ভবতী বা স্তন্যপান করান তারা যে কোন পরিবেশে টিকা নিতে পারেন, যেমন একটি শহর পরিচালিত টিকাকরণ সাইট, একটি ফার্মেসিতে বা তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর দপ্তরে। COVID-19 টিকা নেওয়ার আগে গর্ভাবস্থা পরীক্ষা করার কোনো সুপারিশ নেই।

NYC Health

গর্ভবতী বা স্তন্যপান করানো মানুষদের কি টিকা নেওয়ার জন্য তাদের প্রদানকারীর অনুমতি প্রয়োজন?

না, কিন্তু যারা গর্ভবতী বা স্তন্যপান করান, তাদের টিকা নেওয়ার আগে তাদের প্রদানকারীর সাথে কথা বলা সহায়ক হতে পারে যদি তাদের কোন প্রশ্ন থাকে।

টিকা নেওয়া কি আমার শিশুকে COVID-19 থেকে রক্ষা করতে পারে?

হ্যাঁ। টিকা নেওয়া আপনার COVID-19 হওয়ার এবং আপনার শিশু সহ অন্যদের মধ্যে তা ছড়িয়ে দেওয়ার ঝুঁকি হ্রাস করে।

যারা গর্ভবতী এবং Pfizer বা Moderna টিকা পেয়েছেন তাদের নিয়ে সাম্প্রতিক গবেষণায় তাদের শিশুদের কর্ডের রক্ত এবং গর্ভবতী মানুষদের বুকের দুধে অ্যান্টিবডি পাওয়া গেছে। ভবিষ্যতের অধ্যয়নগুলি আমাদের জানতে সাহায্য করতে পারে যে এই অ্যান্টিবডিগুলি অন্যান্য টিকাগুলির মতো শিশুদের কিভাবে রক্ষা করতে পারে। উদাহরণস্বরূপ, যারা গর্ভবতী এবং হুপিং কাশি (টিডাপ) এবং ফ্লুয়ের টিকা নেন, তারা তাদের শিশুদের অ্যান্টিবডি পাস করেন যা তাদের জীবনের প্রথম কয়েক মাসে তাদের সুরক্ষিত রাখে।

টিকা কি আমার সন্তান উৎপাদনের ক্ষমতাকে প্রভাবিত করবে?

COVID-19 এর সাথে উর্বরতার সমস্যার সম্পর্ক নিয়ে দাবীগুলি **ভিত্তিহীন** এবং এগুলির সপক্ষে কোনো প্রমাণ নেই। CDC বলছে যে যারা গর্ভবতী হতে চান তাদের জন্য COVID-19 টিকা নেওয়া নিরাপদ এবং সুপারিশ করেন যে তারা যেন টিকা নেন।

টিকা কি আমার মাসিক চক্রকে প্রভাবিত করবে?

মাসিক চক্রের পরিবর্তন অনেক কারণে হতে পারে, যেমন চাপ এবং ঘুম, খাদ্যাভ্যাস, পরিবেশ এবং জীবন যাত্রার পরিবর্তন, যা COVID-19 মহামারীর সময় সাধারণত হয়। COVID-19 টিকা এবং সাময়িক মাসিক সংক্রান্ত পরিবর্তনের মধ্যে একটি যোগসূত্র আছে কিনা তা দেখার জন্য আরও গবেষণা করা হবে। কিন্তু, বিশেষজ্ঞরা আপনার সাথে একমত যে আপনার মাসিক চক্রের কাছাকাছি সময়ে টিকা নেওয়ার পরিকল্পনা করার প্রয়োজন নেই এবং মাসিকের সময় নিরাপদে টিকা নেওয়া যেতে পারে।

টিকা কি বয়:সন্ধি বা মানুষের হরমোনের উপর প্রভাব ফেলে?

এমন কোন প্রমাণ নেই যা দেখায় যে টিকাগুলি বয়:সন্ধি বা হরমোনের উপর দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে।

আমি যদি অন্য টিকা নিই তাহলে আমি কি COVID-19 টিকা নিতে পারি?

হ্যাঁ। আপনি আপনার COVID-19 টিকা অন্যান্য টিকার আগে, পরে বা একই সময়ে নিতে পারেন, গর্ভাবস্থায় সাধারণত দেওয়া টিকাগুলি সহ (যেমন টিডাপ এবং ফ্লু)।

কোথায় আমি আরো তথ্য পাব?

cdc.gov এ যান এবং "**COVID-19 vaccines while pregnant or breastfeeding**" (গর্ভাবস্থা বা স্তন্যপনের সময় COVID-19 টীকা) খুঁজুন। COVID-19 টিকা সম্পর্কে আরো তথ্যের জন্য, **nyc.gov/covidvaccine** এ যান।

আপনি যদি COVID-19 টিকাকরণ নিয়ে কারো সাথে কথা বলতে চান গর্ভবস্থার সময়, MotherToBaby বিশেষজ্ঞরা ইংরেজি বা স্প্যানীশ ভাষায় উত্তর দিতে পারবেন: 866-626-6847 এ ফোন করুন, 855-999-8525 নম্বরে টেক্সট করুন বা **mothertobaby.org** এ চ্যাট করুন। এই বিনামূল্যের এবং গোপনীয় পরিষেবা সোমবার থেকে শুক্রবার সকল 8টা থেকে সন্ধ্যা 5টা পর্যন্ত উপলব্ধ থাকবে।